তারিখ: 30 MAR 2018
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

অভিভাবক ফোরামের হুঁশিয়ারি

# এইচএসসির প্রশ্ন ফাঁস হলেই বোর্ড ঘেরাও

আসন্ন এইচএসসি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস হলেই শিক্ষা বোর্ড ঘেরাও করা হবে বলে হুঁশিয়ারি দিয়েছে 'অভিভাবক ঐক্য ফোরাম'। গতকাল বৃহস্পতিবার বিকেলে রাজধানীর মুগদাপাড়ায় এক অভিভাবক সমাবেশে ফোরামের নেতারা এ হুঁশিয়ারি দেন।

সমাবেশে সভাপতিত্ব করেন ফোরাম সভাপতি মুক্তিযোদ্ধা মো. জিয়াউল কবির দুলু। বক্তব্য দেন সাধারণ সম্পাদক আলহাজ মো. সেলিমউদ্দিন, ফাহিম উদ্দিন আহম্মেদ, সিরাজুল ইসলাম মজুমদার, শওকত উল আলম, আলমগীর হোসেন প্রমুখ।

বক্তারা প্রশ্ন ফাঁস রোধে শিক্ষা মন্ত্রণালয়ের নেওয়া সব উদ্যোগ বাস্তবায়নের তাগিদ দেন এবং জানান, এ বিষয়ে সরকারকে সার্বিক সহায়তা করবেন ফোরামের সদস্যরা। নেতৃবৃন্দ আইন-শৃঙ্খলা বাহিনীকে মোবাইল কোর্ট পরিচালনা করে দেশের সব কোচিং সেন্টার বন্ধ করে দেওয়ার আহ্বান জানান। তারা প্রশ্নপত্র ফাঁস রোধে দেশের সব অভিভাবককে পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সহায়তা করার আহ্বান এবং সব রকম অনৈতিক কর্মকাণ্ড থেকে বিরত থাকার অনুরোধ জানান।

জিয়াউল কবির দুলু বলেন, যে কোনো মূল্যে আসন্ন এইচএসসি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস বন্ধ করতেই হবে। এ বিষয়ে কোনো ছাড় নেই। শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের আরও আন্তরিক হওয়ার আহ্বান জানান তিনি। সংবাদ বিজ্ঞপ্তি।